

স্মারক : রবিবা/প্রশা/নিয়োগ/১০৯৩/২০২৫/২৬৫

তারিখ : ০৯.০৯.২০২৫

### নিয়োগ বিজ্ঞপ্তি

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর নিম্নোক্ত শূন্য পদসমূহে নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক	পদ	শর্তাবলি
১.	তবলা ও কী-বোর্ড ডেমোনেস্ট্রেটর সংগীত বিভাগ বেতন স্কেল : ১৬০০০-৩৮৬৪০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫) গ্রেড-১০ম পদ সংখ্যা: ০১ বয়স : প্রযোজ্য নয়	ক. প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংগীত বিষয়ে ৪ (চার) বছরের স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনে সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমগ্র হতে থাকতে হবে। খ. প্রার্থীকে তবলা ও কী-বোর্ড পরিচালনা তথা সংগত করার অভিজ্ঞতা থাকতে হবে।
২.	অফিস সহায়ক বেতন স্কেল : ৮২৫০-২০০১০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫) গ্রেড-২০তম পদ সংখ্যা: ০১ বয়স : অনূর্ধ্ব ৩২ বৎসর	ক. প্রার্থীকে বাংলাদেশের কোনো স্বীকৃত বোর্ড হতে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

#### শর্তাবলি :

- আগ্রহী প্রার্থীকে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর নির্ধারিত আবেদন ফরম [www.rub.ac.bd](http://www.rub.ac.bd) থেকে ডাউনলোড করে অথবা রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ-এর ডেসপ্যাচ শাখা থেকে ফরম প্রতি ৫০.০০ (পঞ্চাশ) টাকা দিয়ে সংগ্রহ ও পূরণপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রসহ ০৮ (আট) সেট আবেদন রেজিস্ট্রার, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর ৬৭৭০ বরাবর দাখিল করতে হবে। আবেদনের শেষ তারিখ : ৩০.০৯.২০২৫ (বিকাল : ৫:০০ ঘটিকা পর্যন্ত)। মূল আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার ডাকটিকিটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- প্রার্থীকে আবেদনপত্রের সাথে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে- (ক) সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ কপি রঙিন ছবি (খ) শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি (গ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি (ঘ) অভিজ্ঞতার (বেতনক্রমসহ) সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে)।
- রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর অনুকূলে জনতা ব্যাংক পিএলসি-এর যে কোন শাখা হতে প্রার্থীদের (১০ম গ্রেড ২০০/-, ২০তম গ্রেড ৫০/-) টাকার (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর ও টাকার পরিমাণ উল্লেখ করতে হবে।
- চাকরির শর্তাবলি প্রার্থীদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- মুক্তিযোদ্ধার সন্তান, ক্ষুদ্র ও নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী বা তৃতীয় লিঙ্গের জন্য যথাযথ কোটা সংরক্ষণ করা হবে।
- ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। কোনো প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- প্রত্যেক প্রার্থীকে তাঁর প্রার্থিত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে লিখতে হবে।



৮. বিদেশি বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশি বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) হতে ইস্যুকৃত সমমানের সনদ আবেদনপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে।
৯. জিপিএ/সিজিপিএ-তে ফলাফলপ্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিভাগ/শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপন/পরিপত্র অনুসরণ করা হবে। পরীক্ষার ফল প্রকাশিত হয়নি, এমন প্রার্থীর আবেদনপত্র বিবেচিত হবে না।
১০. নিয়োগের বিষয়ে কোনো প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
১১. প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবল যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষা/ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় ডাকা হবে। লিখিত/ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১২. দরখাস্তকারী প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি অবশ্যই দেখাতে হবে।
১৩. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে। একইসাথে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাসের ক্ষমতা সংরক্ষণ করে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে-



(প্রফেসর ড. সুমন কান্তি বড়ুয়া)

প্রো-ভাইস চ্যান্সেলর

ও

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

শাহজাদপুর, সিরাজগঞ্জ।